

আকৃতি ও জীবন বৃত্তান্ত

লম্বাশুঁড় উরচুঙ্গার গায়ের রঙ সোনালি। লম্বায় এরা ২.৫৪ সেন্টিমিটারের মত। এরাও ঘাস ফড়িংয়ের মত লাফিয়ে চলে।

এই পোকার জীবনচক্রে তিনটি স্তর আছে- যেমন ডিম, কীড়া ও পূর্ণবয়স্ক অবস্থা।

ক্ষতি

- ▶ এই পোকা কীড়া ও পূর্ণবয়স্ক উভয় অবস্থায় গাছের ক্ষতি করে।
- ▶ পাতার কিনারা ও শিরাগুলো বাদ দিয়ে এমন করে খায় যে পাতাগুলো কাঁঝরা হয়ে যায়।
- ▶ আক্রমণ বেশী হলে গাছ দুর্বল হয়ে পড়ার কারণে ফলনের ক্ষতি হতে পারে।
- ▶ বোরো ও আমন মৌসুমে এদের আক্রমণ বেশী হয়।



চিত্র: লম্বাশুঁড় উরচুঙ্গা এবং এদের ক্ষতির নমুনা

দমন পদ্ধতি

- ▶ হাতজাল দিয়ে পোকা ধরে মেরে ফেলা।
- ▶ ডালপালা পুঁতে পোকা খেকো পাখি বসার ব্যবস্থা করা।
- ▶ আলোক ফাঁদ ব্যবহার করা।
- ▶ প্রয়োজনে কীটনাশক ব্যবহার করা। (তবে এক্ষেত্রে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলেই কীটনাশক প্রয়োগের চিন্তা করা উচিত)।

আরো তথ্যের জন্য :

মুখ্যবৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১
ই-মেইল : brrihq@bdonline.com

অধিবেশন ১: মডিউল ৯
ফ্যাঙ্ক্ট শীট ৮